



## ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে প্রতিষ্ঠাবর্ষিকী উৎসব

অন্যতম বেসরকারি বিশ্ববিদ্যালয় ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় সম্প্রতি ২০তম প্রতিষ্ঠাবর্ষিকী উদযাপন করেছে। রাজধানীর আফতাব নগরের নিজস্ব ক্যাম্পাসে এ উপলক্ষে আয়োজিত উৎসবের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, ট্রাস্টি বোর্ডের সদস্য এমএম মুমিন, ড. সাইদুর রহমান লক্ষ্মণ ও নওশাদ শামসুল আরেফিন এবং উপাচার্য অধ্যাপক ড. এমএম শহিদুল হাসান। ১৯৯৬ সালের সেপ্টেম্বরে যাত্রা শুরু হওয়া এ বিশ্ববিদ্যালয়ে এখন সাড়ে তিনশ'র বেশি শিক্ষক ও প্রায় ১০ হাজার শিক্ষার্থী রয়েছেন।